

ইউকে শিক্ষামেলা ২৮ ফেব্রুয়ারি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার আশ্রয়ী বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য শিক্ষাসংক্রান্ত তথ্য তুলে ধরতে ২৮ ফেব্রুয়ারি শুরু হবে 'ইউকে শিক্ষামেলা'। রূপসী বাংলা হোটেলের তিন দিনব্যাপী এ মেলা অনুষ্ঠিত হবে। ৩ মার্চ চট্টগ্রামের পেনিনসুলা হোটেলের অনুষ্ঠিত হবে মেলার তৃতীয় পর্ব। গতকাল মঙ্গলবার দুপুরে রূপসী বাংলা হোটেলের আয়োজিত সংবাদ

সম্মেলনে এ তথ্য জানানো হয়। মেলার আয়োজন করছে ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ। প্রবেশমূল্য ৫০ টাকা। ঢাকা পর্বে যুক্তরাষ্ট্রের ৫২টি এবং চট্টগ্রাম পর্বে ১৯টি উচ্চশিক্ষাপ্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। মেলায় শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্রের সর্বশ্রেষ্ঠ প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে সরাসরি যোগাযোগ করে তাঁদের প্রয়োজনীয় তথ্য জানতে পারবেন। সংবাদ সম্মেলনে ব্রিটিশ কাউন্সিলের পরিচালক (পার্টনারশিপস অ্যান্ড প্রোগ্রামস) রবিন ডেভিস বলেন, এ মেলা আন্তর্জাতিক শিক্ষার ধরন ও প্রকৃতি বুঝতে বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য সহায়ক হবে। বিশ্ববিদ্যালয়গুলো ও শিক্ষার্থীদের মধ্যে তৈরি করবে সেতুবন্ধন।

ব্রিটিশ হাইকমিশনের বাংলাদেশ ইউকে বর্তার এজেন্সি ইন্টারন্যাশনাল গ্রুপের ভারপ্রাপ্ত হেড অব অপারেশন ম্যানেজার ফিওনা প্যাটারসন বলেন, গত বছর তিন হাজারের বেশি বাংলাদেশি শিক্ষার্থীকে যুক্তরাষ্ট্রের তিনা ইশ্যু করা হয়েছে।